

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
www.supremecourt.gov.bd  
নিয়োগ শাখা।

সার্কুলার নং- ০৭/২০১৫ এ,

তারিখঃ ০২/০৬/২০১৫খ্রি.

বিষয়ঃ সুপ্রীম কোর্টকে অবহিতকরণ ব্যতীত অধস্তন আদালতের বিচারকদের কর্মস্থল ত্যাগ না করা সংক্রান্ত।

সারাদেশের অধস্তন আদালতসমূহে বিচারাধীন মামলার আধিক্য হ্রাস, মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা পরিহার, সর্বোপরি দ্রুত বিচার নিষ্পত্তির লক্ষ্যে দেশের বিভিন্ন আদালতে কর্মরত সকল পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সাপ্তাহিক ছুটির দিনেও কর্মস্থলে অবস্থান করা বাঞ্ছনীয়।

২। সঙ্গত কারণে অধস্তন আদালতে কর্মরত সকল পর্যায়ের বিচারকগণকে সুপ্রীম কোর্টের রেজিস্ট্রারকে অবহিতকরণ ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারীকৃত সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারীকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে এ সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঞ্জস্যপূর্ণ হলে এ সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

স্বাঃ/  
(আবু সৈয়দ দিলজার হোসেন)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট


স্মারক নং- ১৪২০৯

এ,

তারিখঃ ০২/০৬/২০১৫ খ্রি.

অনুলিপি অবগতি এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- |  |        |  |
|--|--------|--|
| ১। জেলা জজ.....  | (সকল)। |  |
| ২। মহানগর দায়রা জজ.....   | (সকল)। |  |
| ৩। বিভাগীয় বিশেষ জজ.....  | (সকল)। |  |
| ৪। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন<br>ট্রাইব্যুনাল.....           | (সকল)। |  |
| ৫। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিষয়াকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল.....      | (সকল)। | প্রযোজ্য ক্ষেত্রে                            |
| ৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল.....                           | (সকল)। | প্রশাসনিক                                    |
| ৭। বিশেষ জজ (জেলা জজ).....   | (সকল)। | নিয়ন্ত্রণে কর্মরত                           |
| ৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।                                |        | সকল  |
| ৯। সদস্য(জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল..... | (সকল)। | বিচারকগণকে                                   |
| ১০। চেয়ারম্যান (জেলা জজ), কোর্ট অব স্টেটমেন্ট.....                          | (সকল)। | অনুলিপি                                      |
| ১১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।                             |        | বিতরণের                                      |
| ১২। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল,এসইসি, ঢাকা।                      |        | প্রয়োজনীয়                                  |
| ১৩। সদস্য(জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।                            |        | ব্যবস্থা গ্রহণের                             |
| ১৪। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত.....                                   | (সকল)। | অনুরোধসহ                                     |
| ১৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.....  | (সকল)। |  |
| ১৬। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.....                                       | (সকল)। |  |
| ১৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।          |        | সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ |

  
(মোঃ আজিজুল হক)  
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)  
ফোনঃ ৯৫৬৬৮২৬  
ই-মেইলঃ aziz\_dr@supremecourt.gov.bd